

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ১০৭৩

দেখা-সাক্ষাতের জন্য অনুমতি প্রার্থনা

পরিচ্ছেদঃ ৪৯১- নিজের বোনের নিকটও প্রবেশানুমতি চাইবে।

بَابُ يَسْتَأْذِنُ عَلَى أُخْتِهِ

আরবী

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، قَالَ: حَدَّثَنَا عَمْرُو، وَابْنُ جُرَيْجٍ، عَنْ عَطَاءٍ قَالَ: سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ فَقُلْتُ: أَسْتَأْذِنُ عَلَى أُخْتِي؟ فَقَالَ: نَعَمْ، فَأَعَدْتُ فَقُلْتُ: أُخْتَانِ فِي حِجْرِي، وَأَنَا أُمُونُهُمَا وَأُنْفِقُ عَلَيْهِمَا، أَسْتَأْذِنُ عَلَيْهِمَا؟ قَالَ: نَعَمْ، أَتُحِبُّ أَنْ تَرَاهُمَا غُرَيَانَتَيْنِ؟ ثُمَّ قَرَأَ: (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِيَسْتَأْذِنَكُمْ الَّذِينَ مَلَكَتْ أَيْمَانُكُمْ) إِلَى (ثَلَاثِ عَوْرَاتٍ لَكُمْ)، قَالَ: فَلَمْ يُؤْمَرْ هُوَ إِلَّا فِي هَذِهِ الْعَوْرَاتِ الثَّلَاثِ، قَالَ: (وَإِذَا بَلَغَ الْأَطْفَالُ مِنْكُمُ الْحُلُمَ فَلْيَسْتَأْذِنُوا كَمَا اسْتَأْذَنَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ)

বাংলা

১০৭৩। আতা (রহঃ) বলেন, আমি ইবনে আব্বাস (রাঃ)-কে জিজ্ঞেস করে বললাম, আমি কি আমার বোনের নিকটও প্রবেশানুমতি প্রার্থনা করবো? তিনি বলেন, হ্যাঁ। আমি পুনরায় জিজ্ঞেস করে বললাম, আমার প্রতিপালনাধীনে আমার দু'টি বোন আছে, আমিই তাদের পৃষ্ঠপোষক (নিরাপত্তা দানকারী) এবং আমিই তাদের ভরণপোষণ করি, আমি কি তাদের নিকটও প্রবেশানুমতি চাইবো? তিনি বলেন, হ্যাঁ। তুমি কি তাদেরকে উলঙ্গ দেখতে পছন্দ করবে? অতঃপর তিনি নিম্নোক্ত আয়াত পড়েন (অনুবাদঃ) “হে ঈমানদারগণ! তোমাদের মালিকানাধীন দাস-দাসী এবং তোমাদের অপ্রাপ্তবয়স্ক সন্তানেরা তিনটি সময়ে যেন তোমাদের নিকট প্রবেশানুমতি প্রার্থনা করেঃ ফজরের নামাযের পূর্বে, দুপুরের সময় যখন তোমরা পোশাক খুলে রেখে দাও এবং এশার নামাযের পর। তোমাদের তিনটি পর্দা করার সময়” (সূরা নূরঃ ৫৮)। ইবনে আব্বাস (রাঃ) বলেন, পর্দার এই তিন সময়ই তাদেরকে অনুমতি প্রার্থনার নির্দেশ দেয়া হয়েছে। মহান আল্লাহ বলেন, “তোমাদের শিশুরা প্রাপ্তবয়সে পৌছলে অবশ্যই (সব সময়) অনুমতি নিয়ে প্রবেশ করবে, যেমন তাদের প্রবীণরা অনুমতি নিয়ে আসে” (সূরা নূরঃ ৫৯)। ইবনে আব্বাস (রাঃ) বলেন, অতএব অনুমতি প্রার্থনা করা বাধ্যতামূলক। ইবনে জুরাইজের বর্ণনায় আরো আছে, সকল লোকের জন্য। (তাফসীর ইবনে কাসীর)

English

'Ata' said, "I asked Ibn 'Abbas, 'Does one ask permission of one's sister?' He replied, 'Yes.' I repeated it and said, 'My two sisters live in my room and I provide for them and spend on them, so do I ask them for permission?' He said, 'Yes. Do you want to see them naked?' Then he recited, 'O you who believe! Those you own as slaves and those of you who have not as yet reached puberty should ask your permission to enter at three times: before the Dawn Prayer and when you have undressed at noon and after the Night Prayer - three times of nakedness for you.' (24:56) Ibn 'Abbas said, 'He did not command these individuals to ask permission other than at these three times of nakedness.' Then he went on to say, 'The verse in Surat an-Nur:57 is: 'Once your children have reached puberty, they should ask your permission to enter as those before them also asked permission.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46457>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন